গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালক এর কার্যালয়
সংগ্রহ শাখা
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং-৫৪.০১.০০০০.০১৩.০২২.২০২০- ৮২৮ তারিখঃ ১০.০৭.২০২৪

**বিষয়ঃ বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন ক্রয়কারী/ইস্যুকারী (প্রকল্প দপ্তরসহ) কর্তৃক সম্পাদিত কাজের বিপরীতে ইস্যুকৃত সন্তোষজনক কার্য-সম্পাদন সনদসমূহ (Satisfactory Performance Certificates) ওয়েবসাইটে প্রকাশ প্রসঙ্গে।**

পিপিআর-২০০৮ এর সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী দরপত্র মূল্যায়নের ক্ষেত্রে দরদাতা/প্রস্তাব দাখিলকারী কর্তৃক দাখিলকৃত সন্তোষজনক কার্য-সম্পাদন সনদসমূহের সঠিকতা যাচাই সহজীকরণের নিমিত্ত নিম্নলিখিত নির্দেশনা প্রদান করা হলোঃ

- ✓ বাংলাদেশ রেলওয়ের সকল ক্রয়কারী//ইস্যুকারী (প্রকল্প দপ্তরসহ) সম্পাদিত কার্য/সরবরাহ/ভৌত সেবা/পরামর্শক সেবার বিপরীতে সন্তোষজনক কার্য-সম্পাদন সনদ (Satisfactory Performance Certificate) ইস্যুর সাথে সাথেই একখানা কপি বাংলাদেশ রেলওয়ে ওয়েবসাইটে প্রকাশের জন্য দাপ্তরিক মেইল বা পত্রের মাধ্যমে রেলভবনস্থ প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী/টেলিকম (প্রযোজ্য ক্ষেত্রে আইটি সেল) দপ্তরে প্রেরণ করবেন।
- ✓ প্রেরিত সনদসমূহের সঠিকতা যাচাই ও সঠিকভাবে আপলোড বা প্রকাশ করা হয়েছে কি না, তা ক্রয়কারী/ইস্যুকারী নিশ্চিত করবেন। সঠিকতার বিষয়ে ক্রয়কারী/ইস্যুকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ✓ প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (প্রযোজ্য ক্ষেত্রে আইটি কর্মকর্তা) সংশ্লিষ্ট কাজের নাম, ক্রয়কারীর নাম, ইস্যুর তারিখসহ সনদসমূহ বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে একটি আলাদা সাব-মেন্যুতে স্থায়ীভাবে আপলোড বা প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করবেন। দায়িত্বপ্রাপ্ত দপ্তর সাব-মেন্যুতে থেকে সার্চ (সম্ভব হলে) করে সনদ খুঁজে (কাজের নাম/ক্রয়কারীর নাম/ইস্যুর তারিখ ব্যবহার করে) বের করার ব্যবস্থা গ্রহণ করবেন।
- ✓ বিভিন্ন ক্রয়কারী/প্রকল্প দপ্তর ইতিপূর্বে ইস্যুকৃত সনদসমূহও সঠিকতা যাচাই সাপেক্ষে বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন।
- ✓ উপর্যুক্ত ক্ষেত্রে আপলোড/প্রকাশিত সনদসূহ সঠিক বলে বিবেচিত হবে এবং কোন কারণে কোন সন্দেহ বা জটিলতার উদ্ভব হলে সংশ্লিষ্ট ক্রয়কারী/ইস্যুকারী হতে যাচাই করা যেতে পারে।

উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের নিমিত্ত আপনার অধীনস্ত সংশ্লিষ্ট সকল ক্রয়কারীকে অবহিতকরণসহ যথাযথভাবে অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

১০/৭/২৪
(সরদার সাহাদাত আলী)
মহাপরিচালক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতি. মহাপরিচালক (আই/আরএস/উন্নয়ন/এমএন্ডসিপি/অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
২। মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।
৩। রেক্টর/আরটিএ, বাংলাদেশ রেলওয়ে, হালিশহর, চট্টগ্রাম।
৪। প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক, বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম।
৫। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, পরিকল্পনা কোষ, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা (সকল প্রকল্প পরিচালককে অবহিত করা অনুরোধসহ)।
৬। প্রধান সংকেত ও টেলিযোগাযোগ প্রকৌশলী/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা। (বাংলাদেশ রেলওয়ের ওয়েবসাইটে সনদসমূহ প্রকাশের সাব-মেন্যু সৃষ্টিসহ এই নির্দেশনা স্থায়ীভাবে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন)

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:**

১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।